একতা ও সম্প্রীতি

সম্মুখে চলার গতি

# বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৪














## বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা

সুপ্রীম কোর্ট বার ভবন, রমনা ঢাকা

# কার্যনির্বাহী কমিটি ২০২২-২৪





# বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা

সুপ্রীম কোর্ট বার ভবন, রমনা ঢাকা

## দ্বি-বার্ষিক সাধারণ সভা ২০২২-২৪

তারিখ ঃ ৩০ এপ্রিল, ২০২৪ খ্রিঃ
সভার স্থান ঃ সুপ্রীম কোর্ট বার অডিটরিয়াম, ঢাকা।
সময় ঃ বিকাল ৪.০০ মিঃ

## সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | সাধারণ সভার নোটিশ | ০৩ |
| ২ | নির্বাহী পরিষদ ২০২২-২৪ | ০৪ |
| ৩ | সভাপতির বক্তব্য | ০৫ |
| ৪ | সাধারণ সম্পাদকের প্রতিবেদন | ০৬-০৯ |
| ৫ | কোষাধ্যক্ষের আয়-ব্যয় হিসাব | ১০-১৩ |
| ৬ | নতুন জীবন সদস্যদের তালিকা | ১৪ |
| ৭ | ছবিতে কার্যনির্বাহী কমিটির কর্মকান্ড | ১৫-১৬ |



**প্রকাশনায়ঃ**
নির্বাহী কমিটি ২০২২-২৪
বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা।
সুপ্রীম কোর্ট বার ভবন, রমনা, ঢাকা।
ওয়েবসাইটঃ www.gclwa.org

# বার্ষিক সাধারণ সভার নোটিশ

আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা

**৫ এপ্রিল, ২০২৪ খ্রিঃ**

এতদ্বারা বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকার সকল সম্মানিত জীবন সদস্যদের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, সমিতির দ্বি-বার্ষিক সাধারণ সভা আগামি ৩০ এপ্রিল, ২০২৪ খ্রিঃ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় সুপ্রীম কোর্ট বার অডিটরিয়াম-এ অনুষ্ঠিত হবে।

উক্ত সাধারণ সভায় সমিতির সকল সম্মানিত জীবন সদস্যকে যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধ জানানো যাচ্ছে।

**এজেন্ডা সমূহঃ**

১/ সাধারণ সম্পাদক কর্তৃক সমিতির দ্বি-বার্ষিক প্রতিবেদন পেশ

২/ ১লা ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ থেকে ৩১ মার্চ ২০২৪ খ্রিঃ পর্যন্ত সময়ের আয়-ব্যয় হিসাব বিবরণী পেশ ও অনুমোদন

৩/ ২০২৪-২৬ সালের নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটির আনুষ্ঠানিক নাম ঘোষনা

৪/ বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)

**রেজাউল করিম**
সাধারণ সম্পাদক
বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা

# সভাপতির বক্তব্য



২৪তম দ্বি-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত জীবন সদস্যবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম।
আপনারা কার্যনির্বাহী কমিটি ও আমার সালাম এবং শুভেচ্ছা গ্রহণ করুন।

সর্বপ্রথমে আমি মহান আল্লাহর দরবারে শুকরিয়া জ্ঞাপন করছি, যিনি আমাদেরকে দ্বি-বার্ষিক সাধারণ সভায় মিলিত হওয়ার সুযোগ দিয়েছেন। সে সাথে সমিতির কার্যনির্বাহী কমিটিসহ আপনাদের সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি আজকের সাধারন সভায় উপস্থিত হওয়ার জন্য এবং সাধারণ সভার আয়োজনে এবং পরিচালনায় আমাকে সর্বাঙ্গীন সহযোগিতা প্রদানের জন্য। পবিত্র মাহে রমজান, ঈদ-উল ফিতর এবং সুপ্রীম কোর্ট বন্ধের কারণে দ্বি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানে কিছুটা বিলম্ব হওয়ার জন্য আমি দুঃখ প্রকাশ করছি।

সম্মানিত সদস্যবৃন্দ,
আমার উপর আস্থা রেখে সমিতির প্রেসিডেন্ট হিসেবে দু'বছর দায়িত্ব পালনের সুযোগ দেয়ার জন্য আমি আপনাদের প্রতি কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জ্ঞাপন করছি। আজ থেকে প্রায় দু'বছর পূর্বে আপনাদের সুচিন্তিত সমর্থনের ভিত্তিতে গঠিত কার্যনির্বাহী কমিটি বিগত ১লা ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখে দায়িত্বভার গ্রহন করে। দায়িত্বভার গ্রহনের পর থেকে নির্বাহী কমিটির সকল সম্মানিত সদস্যদের নিয়ে আমি চেষ্টা করেছি সমিতির কর্মকান্ডের গতিশীলতাকে ধরে রেখে সামনের দিকে এগিয়ে নিতে। কতটুকু সফল হয়েছি তার বিচার বিশ্লেষনের ভার আপনাদের উপর। তবে আমাদেরকে বিভিন্ন সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হয়েছে।

সম্মানিত সদস্যবৃন্দ,
দায়িত্ব গ্রহণের পর প্রথম সভায় বিভিন্ন কর্মসূচি পালনের জন্য একটি পরিকল্পনা গ্রহনের মাধ্যমে আমাদের কর্মকান্ডগুলি পরিচালনা করি। বিভিন্ন সময় সাব-কমিটিসমূহ গঠন করে সম্মানিত জীবন সদস্যকেরকে সমিতির কর্মকান্ডে অংশ গ্রহনের সুযোগ করে দেয়া হয়। সাধারণ সম্পাদকের প্রতিবেদনে আপনারা শুনেছেন কার্যনির্বাহী কমিটি ও সকল উপ-কমিটির সদস্যবৃন্দ যথেষ্ট আন্তরিকতার সাথে তাদের দায়িত্ব পালন করেছেন। এ জন্য আমি কার্যনির্বাহী কমিটি ও সকল উপ-কমিটি সমুহের সদস্যদেরকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

কার্যনির্বাহী কমিটির পক্ষে সাধারণ সম্পাদকের দ্বি-বার্ষিক প্রতিবেদন এবং কোষাধ্যক্ষের আর্থিক প্রতিবেদনে মূলত আমাদের কর্মকান্ডের সামগ্রিক চিত্র প্রতিফলিত হয়েছে তাই এসব বিষয়ে পুনরায় আমি উল্লেখ করছি না। সমিতিকে কাঙ্খিত লক্ষ্যে নিয়ে যেতে হলে সকলের সম্মিলিত ও ঐকান্তিক প্রচেষ্টা প্রয়োজন এবং সে সাথে একটি গতিশীল নেতৃত্ব ও জবাবদিহিতা মূলক কার্যনির্বাহী কমিটি প্রয়োজন। আমরা যেখানে রেখে যাচ্ছি আশাকরি পরবর্তী কমিটি আরও বাস্তবমুখী পদক্ষেপ ও কর্মকান্ডের মাধ্যমে সমিতিকে কাংখিত লক্ষ্যে এগিয়ে নিয়ে যাবে।

গঠনতন্ত্রের পরিমার্জন ও সংশোধনের মাধ্যমে কিছু অসচ্ছতা দূর করা হয়েছে এবং নতুন নেতৃত্ব সৃষ্টির সুযোগ করা হয়েছে। এক ব্যক্তির দু'বারের বেশি প্রেসিডেন্ট, সাধারণ সম্পাদক বা অন্য কোন পদে নির্বাচিত হওয়ার সুযোগ বন্ধ করা হয়েছে। নিয়মিতভাবে কার্যনির্বাহী কমিটির সভা আহবান এবং সকলের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহনের মাধ্যমে আনয়ন করা হয়েছে সকল প্রশাসনিক ও আর্থিক কর্মকান্ডে স্বচ্ছতা। কার্যনির্বাহী কমিটির সকল সভার উপস্থিতির স্বাক্ষর ও লিখিত কার্যবিবরণী তৈরি করে সংরক্ষণ করা হয়েছে। প্রতিটি সভার পর সিদ্ধান্ত সমূহ সমিতির বিভিন্ন মিডিয়া গ্রুপে আপনাদের অবগতির জন্য প্রকাশ করা হয়েছে।

পরিশেষে সম্মানিত সকল সদস্যদেরকে বিশেষ করে তরুন প্রজন্মের সদস্যদের কাছে আমার আকুল আবেদন আপনারা নিয়মিত কোর্টে আসুন, সিনিয়রদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করুন, সমিতির কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন করুন এবং আগামী দিনের নেতৃত্ব গ্রহন করুন। আমরা আপনাদের সাথে ছায়ার মত থাকবো এবং আপনাদেরকে সর্বাত্মক সহযোগিতা করবো। মহান আল্লাহ আমাদের সকলের সহায় হউন-আমীন।

**মুরাদ রেজা**
সিনিয়র অ্যাডভোকেট
প্রেসিডেন্ট
বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা



## বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা
## কার্যনির্বাহী কমিটির বার্ষিক প্রতিবেদন

২৪তম দ্বি-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত জীবন সদস্যবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম ও শুভ অপরাহ্ন।
কার্যনির্বাহী কমিটির সকল সদস্য ও আমার শুভেচ্ছা গ্রহণ করুন।

সর্ব প্রথমে আমি মহান আল্লাহর দরবারে শুকরিয়া জ্ঞাপন করছি, যিনি অত্যন্ত আনন্দঘন পরিবেশে আমাদেরকে দ্বি-বার্ষিক সাধারণ সভায় মিলিত হওয়ার সুযোগ দিয়েছেন। আজ থেকে দু'বছর আগে আমার উপর আস্থা রেখে আমাকে সমিতির সাধারণ সম্পাদকের গুরু দায়িত্ব পালনের সুযোগ দেয়ার জন্য আমি আপনাদের প্রতি কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জ্ঞাপন করছি। বিগত দু'বছর সাধ্যমত চেষ্টা করেছি আপনাদের পরামর্শ ও সহযোগিতা সহ আপনাদেরকে সাথে নিয়ে সমিতির সাধারণ সম্পাদকের দায়িত্ব ন্যায়-নিষ্ঠা ও জবাবদিহিতার মাধ্যমে পালন করার জন্য এবং সমিতির দাপ্তরিক, সাচিবিক ও হিসাব-নিকাশ সংরক্ষণে পেশাদারিত্ব আনায়নে। আপনাদের সামনে সমিতির আর্থিক প্রতিবেদন পেশ করবেন সমিতির কোষাধ্যক্ষ জনাব মোহাম্মদ রেজাউল হক। আমি কার্যনির্বাহী কমিটির পক্ষে বিগত দু'বছরের সার্বিক কর্মকান্ডের প্রতিবেদন আপনাদের সম্মুখে উপস্থাপন করতে পেরে মহান আল্লাহর দরবারে পুনরায় শুকরিয়া জ্ঞাপন করছি।

সম্মানিত জীবন সদস্যবৃন্দ,
আপনারা অবগত আছেন যে, বিগত ০১/০২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমিতির পূর্ববর্তী বার্ষিক সাধারণ সভার মাধ্যমে বর্তমান কমিটি দায়িত্বভার গ্রহন করে। যদিও গঠনতান্ত্রিক নিয়মে বর্তমান কমিটির মেয়াদকাল ২ বছর এবং ২০২৪ সালের মার্চের মধ্যে বার্ষিক সাধারণ সভার মাধ্যমে দায়িত্ব হস্তান্তর করার কথা। কিন্তু কিছু সীমাবদ্ধতার জন্য সাধারণ সভা একমাস পেছাতে হয়েছে, সেজন্য সকল সম্মানিত জীবন সদস্যদের কাছে দুঃখ প্রকাশ করছি।

সম্মানিত সদস্যবৃন্দ,
আমার প্রতিবেদনের শুরুতেই আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি আমাদের অতি কাছের মানুষ, যাদেরকে আমরা চিরদিনের জন্য হারিয়েছি। আমাদের পেশাগত বন্ধু, নিকট আত্মীয় স্বজন, শুভাকাঙ্খী এবং বিশেষ করে আমাদের সমিতির বিজ্ঞ তিনজন সদস্য অ্যাডভোকেট মোঃ আহসানুল্লাহ চৌধুরী, সাবেক ডেপুটি অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট মোঃ আবুবকর সিদ্দিকী এবং সাবেক ডেপুটি অ্যাটর্ণী জেনারেল অ্যাডভোকেট কামাল উদ্দিন আহমদ কে আমরা হারিয়েছি। এছাড়াও আমরা বৃহত্তর চট্টগ্রামের সন্তান বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিজ্ঞ আইনজীবী বাবু নন্দ দুলাল দাশ সহ আমাদের বেশ কয়েকজন জীবন সদস্যের পরিবারের সদস্য ও নিকট আত্মীয়ের মৃত্যুতে আজকের সাধারণ সভায় গভীর শোক প্রকাশ করছি এবং তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

সুপ্রিয় সদস্যবৃন্দ,
দায়িত্ব গ্রহনের শুরুতেই প্রথম সভায় আমরা একটি কর্মসূচি পরিকল্পনা করে তা বাস্তবায়নে বিভিন্ন পদক্ষেপ সমূহ গ্রহন করি, যার খাতওয়ারী সংক্ষিপ্ত বিবরণ নিম্নে আপনাদের জ্ঞাতার্থে পেশ করছিঃ

প্রেসিডেন্ট ডিনার
দায়িত্ব গ্রহনের পর আমাদের মাননীয় সভাপতি মহোদয়ের সৌজন্যে সকল জীবন সদস্য ও বৃহত্তর চট্টগ্রামের সকল আইনজীবী ও বিচারপতি মহোদয়গনের সম্মানে বিগত ২৩ জুন ২০২২ খ্রিঃ ঢাকা ক্লাবে ডিনার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে উল্লেখযোগ্য সংখ্যক মাননীয় বিচারপতি, মাননীয় অ্যাটর্ণী জেনারেল, অতিরিক্ত অ্যাটর্ণী জেনারেলসহ সম্মানিত জীবন সদস্যগণ অংশগ্রহন করেন।

নৌ-বিহার -২০২৩ ও পিকনিক- ২০২৪
আমাদের দায়িত্বকালীন সময়ের কর্মকান্ডের মধ্যে বিগত ০৪ ফেব্রুয়ারি ২০২৩ সালে সদরঘাট-চাঁদপুর নৌ-বিহার এবং ১৭ ফেব্রুয়ারি, ২০২৪ সালে নরসিংদীর ড্রীম হলিডে পার্কে পিকনিক আয়োজন ছিল উল্লেখযোগ্য। আপনাদের সকলের আর্থিক, দাপ্তরিক, শারিরীক ও মানসিক সাহায্য, শ্রম এবং সহযোগিতায় উক্ত দু'টি আয়োজনে সমিতির উল্লেখযোগ্য সংখ্যক জীবন সদস্য এবং তাঁদের পরিবারের সদস্যবৃন্দসহ বৃহত্তর চট্টগ্রামের বেশ কয়েকজন মাননীয় বিচারপতি, সাবেক বিচারপতি, সমিতির সাবেক সভাপতিগন এবং তাঁদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন। উক্ত দুটি কর্মসূচিতে আর্থিক অনুদান দিয়ে যে সকল সম্মানিত জীবন সদস্য সহযোগিতা করেছেন এখানে তাঁদের নাম উল্লেখ না করে তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। উক্ত দুটি কর্মসূচি থেকে আমরা প্রায় ৭.৬০ লক্ষ টাকা সাশ্রয় করতে পেরেছি, যার কৃতিত্ব আপনাদের। নৌ-বিহার -২০২৩ ও পিকনিক- ২০২৪ আয়োজনে সহযোগিতার জন্য পিকনিক সাব-কমিটি সমূহের সকল সদস্যদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

বন্যা ত্রাণ তহবিল গঠন ও ত্রাণ বিতরণ

সম্মানিত সদস্যবৃন্দ, আপনারা অবশ্যই অবগত আছেন ২০২২ সালের জুন মাসে বাংলাদেশের বেশ কিছু অঞ্চলে ভয়াবহ বন্যা হয়। এই ভয়াবহ বন্যায় দেশের অনেক জেলায় ঘর-বাড়ি, রাস্তা-ঘাট ভেঙ্গে যায়। হতদরিদ্র অসহায় মানুষ দুর্বিসহ আর্থিক ও খাদ্য অনটনে পড়েন। এমন দুর্যোগপূর্ণ সময়ে জরুরী সভা করে আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম একটি ত্রাণ তহবিল গঠন করে যে কোন একটি ক্ষতিগ্রস্থ এলাকার অসহায় মানুষের পাশে দাঁড়ানোর। সিদ্ধান্ত মতে আপনাদের কাছে আহবান জানালে আপনারা অতিদ্রুত আর্থিক সাহায্য নিয়ে এগিয়ে আসেন। মাত্র এক সপ্তাহ সময়ের মধ্যে ৫.২০ লক্ষ টাকার একটি তহবিল গঠিত হয়। উক্ত তহবিল থেকে নেত্রকোনার কলমাকান্দা গ্রামে সমিতির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অ্যাডভোকেট হেলাল উদ্দিনের নেতৃত্বে একটি দল বিগত ২ জুলাই, ২০২২ খ্রিঃ স্বশরীরে হাজির থেকে ৪.৩৫ লক্ষ টাকা অসহায় জনগনের হাতে তুলে দেয়। উক্ত দলের অপরাপর সদস্য হিসেবে সাথে ছিলেন অন্যতম ভাইস প্রেসিডেন্ট ডেপুটি অ্যাটর্ণী জেনারেল মোহাম্মদ আবুল হাশেম, সাধারণ সম্পাদক রেজাউল করিম, কোষাধ্যক্ষ মোহাম্মদ রেজাউল হক, জীবন সদস্য ব্যারিস্টার আশরাফুল হাদী ও কার্যনির্বাহী সদস্য এ, এন, এম, ইব্রাহিম খান।

জীবন সদস্য বৃদ্ধি কার্যক্রম

বর্তমান কমিটি দায়িত্ব নেয়ার সময় সমিতির জীবন সদস্য ছিল ২৬৪ জন। আমাদের সময় আরও ৭৩ জন নতুন সদস্য অন্তর্ভূক্তি হয় এবং বর্তমান জীবন সদস্য সংখ্যা দাঁড়ায় ৩৩৫ জন। নতুন জীবন সদস্য অন্তর্ভুক্তির মাধ্যমে সদস্য ফি আদায় হয় ১.৩৯ লক্ষ টাকা। নতুন জীবন সদস্যদের একটি তালিকা বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা হয়েছে।

নিয়মিত কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠান

দায়িত্ব গ্রহনের পর থেকে গঠনতান্ত্রিক নিয়ম অনুযায়ি নিয়মিত কার্যনির্বাহী কমিটির সভা আহবান করা হয় এবং মোট ১৪টি কার্যনির্বাহী সভা অনুষ্ঠিত হয়। এছাড়া জরুরী প্রয়োজনে বিভিন্ন সময় কার্যনির্বাহী কমিটির অনানুষ্ঠানিক সভাও অনুষ্ঠিত হয়। এছাড়াও বিশেষ কার্যক্রম যেমন নৌ-বিহার, পিকনিক, ত্রাণ সংগ্রহ ও বিতরণ কর্মসূচি, ফুটবল টুর্নামেন্ট পরিচালনা, ইফতার মাহফিল আয়োজন ইত্যাদি কর্মসূচি বাস্তবায়নে কার্যনির্বাহী কমিটির সাথে বিভিন্ন উপ-কমিটির সভাসহ মোট ৪০ টি সভা করা হয়। উল্লেখ্য, কার্যনির্বাহী কমিটির সভা সহ সকল উপকমিটির সভায় আপ্যায়নে সমিতির কোন তহবিল খরচ করা হয়নি। সমিতির কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দ পালাক্রমে এসব সভায় আপ্যায়নের খরচ বহন করেছেন।

লিগ্যাল এইড সেল

বৃহত্তর চট্টগ্রামের নিঃস্ব-অসহায় জনগণ বিভিন্ন মামলা-মোকদ্দমার কারণে উচ্চ আদালতে বিচারপ্রার্থী হয়ে ঢাকায় আসেন। উচ্চ আদালতে বিচার প্রক্রিয়া একটি সময় সাপেক্ষ এবং ব্যয়বহুল বিষয়। নিঃস্ব-অসহায় বিচারপ্রার্থী জনগণের পক্ষে উচ্চ আদালতে মামলা পরিচালনা ও আইনী সহায়তা প্রদানের জন্য আইনজীবী নিয়োগ, মামলা খরচ ইত্যাদি ব্যয় বহন করা অনেক ক্ষেত্রে সম্ভবপর হয় না। নিঃস্ব-অসহায় বিচারপ্রার্থী বৃহত্তর চট্টগ্রামের জনগণের ন্যায় বিচার প্রাপ্তিতে এমন অসুবিধার কথা বিবেচনা করে এবং সমিতির গঠনতন্ত্রের ২(জ) উপ-ধারার উদ্দেশ্য পূরণকল্পে আইনগত সহায়তা সেল **(লিগ্যাল এইড সেল)** গঠনের একটি রূপরেখা তৈরি করা হয়েছে। তবে সময়ের সীমাবদ্ধতার কারণে লিগ্যাল এইড সেল আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করতে পারেনি। আশা করছি পরবর্তী কার্যনির্বাহী কমিটি লিগ্যাল এইড সেলের আনুষ্ঠানিক যাত্রা দ্রুত শুরু করবেন। লিগ্যাল এইড সেল গঠনের জন্য একটি রূপরেখা প্রণয়নে সার্বিক সহয়তার জন্য ব্যারিস্টার ইফতেখার উদ্দিন মাহমুদ ও অ্যাডভোকেট শামীমা পারভীন রূপার প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

সমিতির গঠনতন্ত্রের সংশোধন

বর্তমান কমিটির মেয়াদে আরও একটি উল্লেখযোগ্য কাজ হলো সমিতির গঠনতন্ত্র সংশোধন। আপনারা অবগত আছেন গঠনতন্ত্রের কতেক স্থানে পরিমার্জন ও স্পষ্টিকরণের প্রয়োজন অনুভব করলে কার্যকরী কমিটির ২৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখের সভায় একটি খসড়া প্রস্তাবনাসহ সমিতির জীবন সদস্য ও সাবেক সভাপতি সিনিয়র অ্যাডভোকেট বিচারপতি আবদুস সালাম মামুনকে আহবায়ক, সমিতির জীবন সদস্য সিনিয়র অ্যাডভোকেট এম, এ, আজিম খায়ের মান্না, অ্যাডভোকেট হাজী সাইফুদ্দিন আহমদ চৌধুরী, সমিতির সভাপতি সিনিয়র অ্যাডভোকেট মুরাদ রেজাকে সদস্য এবং সমিতির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রেজাউল করিমকে সদস্য সচিব করে ৫ (পাঁচ) সদস্যের একটি গঠনতন্ত্র সংশোধনী উপ-কমিটি গঠন করা হয়। উপ-কমিটি কার্যকরী কমিটির খসড়া প্রস্তাবনার আলোকে এবং তাঁদের নিজস্ব পর্যালোচনায় গঠনতন্ত্রের যে সকল স্থানে সংশোধন, পরিমার্জন এবং সংযোজন প্রয়োজন তা প্রস্তাবনা আকারে পেশ করেন যা বিগত ০৩/ ১২/২০২৩ খ্রিঃ তারিখের বিশেষ সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। গঠনতন্ত্র সংশোধন উপ-কমিটির সম্মানিত সকল সদস্যের প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বিশেষ সাধারণ সভা অনুষ্ঠান

সমিতির গঠনতন্ত্র সংশোধন অনুমোদনের প্রয়োজনে বিগত ০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ সেগুনবাগিচাস্থ বাগিচা রেস্টুরেন্টে সমিতির বিশেষ সাধারণ সভা আহবান করা হয়। সমিতির উল্লেখযোগ্য সংখ্যক জীবন সদস্যের বিশেষ সাধারণ সভায় প্রানবন্ত উপস্থিতি ও আলোচনান্তে গঠনতন্ত্র সংশোধন অনুমোদন করা হয়।

সমিতির গঠনতন্ত্র ছাপানো

এ যাবতকাল সমিতির গঠনতন্ত্রের ছাপানো কোন কপি না থাকার কারণে অনেকের কাছে গঠনতন্ত্রের ভিন্ন ভিন্ন ফটোকপি দেখা গেছে। গঠনতন্ত্র সংশোধন অনুমোদনের পর তা সুদৃশ্যভাবে ছাপানোর ব্যবস্থা করা হয়। আমরা মনেকরি প্রত্যেক সম্মানিত জীবন সদস্যের কাছে সমিতির গঠনতন্ত্রের একটি কপি সংরক্ষণ থাকা আবশ্যক। তাই গঠনতন্ত্রের একটি কপি সম্মানিত জীবন সদস্যদের কাছে বিতরণের জন্য সাধারণ সভার প্রতিবেদনের সাথে বিনামূল্যে বিতরণের ব্যবস্থা করা হয়েছে।

ঢাকাস্থ চট্টগ্রাম সমিতির সাথে আলোচনা

বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা ও ঢাকাস্থ চট্টগ্রাম সমিতির মধ্যে কার্যকর যোগাযোগ স্থাপন এবং উভয় সমিতির যৌথ উদ্যোগে ভবিষ্যতে বৃহত্তর চট্টগ্রাম এবং এর সাধারণ জনসাধারণের জন্য ভাল কোন কর্মসূচি কিংবা প্রকল্প গ্রহন করা যায় কিনা সে বিষয়ে মতামত ও চিন্তা ভাবনা শেয়ার করার জন্য উভয় সমিতির নেতৃবৃন্দ নিজ নিজ সমিতির সভাপতির নেতৃত্বে বেশ কয়েকবার যৌথ পরামর্শ সভায় মিলিত হয়, যেখানে বিস্তারিত আলোচনান্তে কিছু প্রস্তাবনা, সমস্যা ও সমাধানের কথা উঠে আসে। লিগ্যাল এইড সেল বাস্তবায়নের বিষয়টি এখানে প্রাধান্য পায়।

ওয়েবসাইট তৈরি ও ডোমেইন রেজিস্ট্রেশন

সমিতির নামে একটি ডাইনামিক ওয়েবসাইট তৈরি করা হয় এবং এর ডোমেইন রেজিস্ট্রেশন করা হয়, যার ঠিকানা দদর্াি.মপষধি.ড়ৎম্ব উক্ত ওয়েবসাইট ২০২৫ সাল পর্যন্ত নবায়ন করা হয়। সমিতির ওয়েবসাইট থেকে সমিতির কর্মকান্ডের সামগ্রিক চিত্র সম্মানিত জীবন সদস্যগণ জানতে পারবেন এবং নতুন জীবন সদস্য আবেদন ওয়েবসাইটের মাধ্যমে জমা দিতে পারবেন।

সমিতির কার্যক্রম প্রচার ও প্রসার করা করা

আপনারা জানেন যেকোন সংগঠনের কার্যক্রম প্রচারেই এর প্রসার লাভ করে। সমিতির সকল কর্মকান্ড সম্মানিত জীবন সদস্য এবং আইন অঙ্গনের সাধারণের কাছে প্রচারের লক্ষ্যে ফেসবুক গ্রুপ ও হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলার মাধ্যমে নিয়মিতভাবে সমিতির কার্মকান্ডের সচিত্র খবর নিয়মিতভাবে প্রচার করা হয়। আশাকরি সম্মানিত জীবন সদস্যগণ ভবিষ্যতেও সমিতির কার্যক্রম প্রচার ও প্রসার করার জন্য সমিতির ফেসবুক গ্রুপ ও হোয়াটসঅ্যাপ গ্রুপে সক্রিয় থেকে সম্মানিত জীবন সদস্যদের সংবাদ এবং আইন অঙ্গনের যে কোন গুরুত্বপূর্ণ সংবাদ প্রচারে ভূমিকা পালন করবেন।

ইফতার মাহফিল আয়োজন

সমিতির জীবন সদস্যদের জন্য ২০২৩ সালে সম্মানিত প্রেসিডেন্ট মুরাদ রেজার সৌজন্যে এবং ২০২৪ সালে সম্মানিত কোষাধ্যক্ষ মোহাম্মদ রেজাউল হকের সৌজন্যে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। ইফতার মাহফিলে বিপুল সংখ্যক জীবন সদস্য উপস্থিত ছিলেন।

সুপ্রীম কোর্ট বার কনফারেন্স হলে কার্যনির্বাহী কমিটির সভা

অতীতে কার্যনির্বাহী কমিটির সভাসমূহ বারের বিভিন্ন হল রুমে হট্টগোলের মধ্যে করতে হতো। বর্তমান কমিটি দায়িত্ব নেবার পর প্রথম সভা থেকে প্রতিটি সভা সুপ্রীমকোর্ট বার কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে, যা আমাদের সম্মানিত সভাপতি সিনিয়র অ্যাডভোকেট মুরাদ রেজার ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে সম্ভব হয়েছে। আমরা মনে করি এটা আমাদের সমিতি এবং বৃহত্তর চট্টগ্রামের জন্য গৌরবের।

আর্থিক কার্যাবলী

আর্থিক কার্যাবলীর একটি পৃথক প্রতিবেদন ও আয়-ব্যয় হিসাব সমিতির সম্মানিত কোষাধ্যক্ষ উপস্থাপন করেছেন তাই আমি এ বিষয়ে বিস্তারিত কিছু আর বলতে চাই না। তবে বর্তমান কমিটি দায়িত্ব গ্রহন করার পর থেকে সমিতির কোন ব্যাংক হিসাব থেকে একটি টাকাও উত্তোলন করা হয়নি, বরং বিদায়কালে সোনালী ব্যাংকে সুপ্রীম কোর্ট শাখায় ৮.০০ লক্ষ টাকার একটি স্থায়ী আমানত (এফডিআর) হিসাব এবং কর্জে হাসানা ফান্ডে ১.০৫ লক্ষ টাকা জমা করতে সক্ষম হয়েছি, যার সকল কৃতিত্ব আপনাদের। সদস্যদের ভেনাভোলেন্ট ফান্ড পুনরায় চালুর বিষয়টি আমাদের পরিকল্পনায় ছিল কিন্তু কিছু সীমাবদ্ধতার জন্য তা পেরে উঠা হয়নি। বিগত কমিটি ভেনাভোলেন্ট ফান্ড এর কিছু টাকা সংগ্রহ করেছেন বলে অবহিত করেছেন কিন্তু এ বিষয়ে কোন পৃথক হিসাব বিবরণী না পাওয়ায় ভেনাভোলেন্ট ফান্ড সচল করা সম্ভবপর হয়নি। আশাকরি পরবর্তী কমিটি ভেনাভোলেন্ট ফান্ড সচল করার ব্যাপারে পদক্ষেপ নেবেন।

দাপ্তরিক কার্যাবলী

দায়িত্ব গ্রহনের শুরু থেকে দাপ্তরিক কাজে শৃংখলা আনায়নে সচেষ্ট ছিলাম। বিশেষ করে সকল সভার উপস্থিতির রেকর্ড ও কার্যবিবরণী তৈরি, অনুমোদন ও স্বাক্ষর করে রেকর্ডভুক্ত করণ, নথি সংরক্ষণ ইত্যাদি বিষয়গুলিতে আধুনিকায়ন করা হয়।

সুপ্রীম কোর্ট বার ফুটবল টুর্নামেন্টে অংশগ্রহণ

সুপ্রীম কোর্ট বার ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এ অংশগ্রহণ করে রানার্স-আপ ট্রফি প্রাপ্তির মাধ্যমে সমিতির কর্মকান্ডকে সমগ্র আইনজীবী সমাজের কাছে ব্যাপক ভাবে পরিচিতি লাভ করাতে সক্ষম হয়েছি।

জীবন সদস্যদের জন্য ভোজ ও বিনোদন মূলক অনুষ্ঠান

বৃহত্তর চট্টগ্রাম সম্মানিত আইনজীবীদের সম্মানে সমিতির সাবেক সভাপতি সিনিয়র অ্যাডভোকেট সাবেক বিচারপতি আবদুস সালাম মামুন এর সৌজন্যে বিজয় নগরস্থ চুংওয়া রেস্টুরেন্টে এবং সিনিয়র অ্যাডভোকেট ব্যারিস্টার মিজান সাঈদ এর সৌজন্যে বিয়াম মিলনায়তনে বিশেষ নৈশ ভোজ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সম্মানিত সদস্যবৃন্দ,
সম্প্রতি সমিতির সিনিয়র সদস্য এম. এ. আজিম খায়ের মান্না এবং ব্যারিস্টার মিজান সাঈদ বাংলাদেশ সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হয়ছেন এছাড়াও সমিতির বেশ কয়েকজন সদস্য আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হয়েছেন, সমিতির সকল সদস্যদের পক্ষ থেকে তাঁদেরকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং তাঁদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

বার্ষিক প্রতিবেদন ও আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও ছাপানো
সমিতির বিগত ২৪ বছরের ইতিহাসে এই প্রথমবারের মত বার্ষিক সধারণ সভায় লিখিত এবং সুদৃশ্যভাবে ছাপানো একটি প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে, যাতে আর্থিক প্রতিবেদন ও আয়-ব্যয়ের হিসাব উপস্থাপিত হয়। বর্তমান কার্যনির্বাহী কমিটি মনে করে বার্ষিক প্রতিবেদন যে কোন সংগঠনের দর্পন স্বরূপ। তাই সমিতির আর্থিক কিছু খরচ হলেও সকল সম্মানিত জীবন সদস্য বার্ষিক প্রতিবেদন ও হিসাব বিবরণী পাওয়ার মাধ্যমে কার্যনির্বাহী কমিটির কর্মকান্ডের উপর একটি স্বচ্ছ ধারণা লাভ করতে পারেন এবং সমিতির আর্থিক অবস্থা সম্পর্কে অবগত হতে পারেন। একটি সুদৃশ্য বার্ষিক প্রতিবেদন ও আর্থিক প্রতিবেদন তৈরি ও ছাপানোতে সহায়তার জন্য কার্যনির্বাহী সদস্য এ, এন, এম, ইব্রাহিম খানকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

সম্মানিত সদস্যবৃন্দ,
আমাদের প্রানের সংগঠন বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যান সমিতি-ঢাকা, বৃহত্তর চট্টগ্রামের আইনজীবীদের একটি ভাতৃপ্রতিম ও কল্যাণমূলক সংগঠন। প্রতিষ্ঠার পর থেকে এ যাবত এ সমিতি অনেক চড়াই উৎরাই পার হয়ে আজ একটি পর্যায়ে এসে অবস্থান করছে। আমাদের মূল শক্তি আমাদের ঐক্য, শৃঙ্খলা, পারস্পরিক শ্রদ্ধাবোধ এবং সৌহার্দপূর্ন অবস্থান। যে কোন মূল্যে আমাদের বৃহত্তর ঐক্য অটুট রেখে সামনের দিকে এগিয়ে যাবার প্রত্যাশা ব্যক্ত করছি এবং বৃহত্তর চট্টগ্রামের যে সকল বিজ্ঞ আইনজীবী ঢাকায় সুপ্রীম কোর্ট এবং জজ কোর্টে আইন পেশায় নিয়োজিত আছেন তাঁদের সকলকে সমিতির সদস্যভুক্ত করার প্রয়াস অব্যহত রাখার প্রত্যাশা ব্যক্ত করছি।

আমাদের দায়িত্বকালীন সময়ে বিজ্ঞ সকল জীবন সদস্যদের কাছ থেকে সকল বিষয়ে সব সময় আন্তরিক সহযোগিতা পেয়েছি সেজন্য সকল বিজ্ঞ জীবন সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। কার্যনির্বাহী কমিটির সকল সদস্য বিগত দু'বছর আমার পাশে থেকে সকল কর্মকান্ডে সহায়তা ও সহযোগিতা করেছেন তাঁদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। বিশেষ করে আমাদের মাননীয় প্রেসিডেন্ট সিনিয়র অ্যাডভোকেট মুরাদ রেজা, সম্মানিত ভাইস প্রেসিডেন্টবৃন্দ সর্বজনাব হেলাল উদ্দিন, মোহাম্মদ আবুল হাশেম, এস, এম, আরিফ, মোঃ ফখর উদ্দিন ও অপূর্ব কুমার ভট্টাচার্য্য সদা সর্বদা আমাকে বিভিন্ন নির্দেশনা দিয়ে সহায়তা করেছেন এবং কোষাধ্যক্ষ মোহাম্মদ রেজাউল করিম আর্থিক কর্মকান্ডে শৃঙ্খলা আনতে সহয়তা করছেন তাদের প্রতি বিশেষভাবে কৃতজ্ঞ। বিশেষ করে একজনের নাম এখানে উল্লেখ না করলে অন্যায় হবে যিনি পুরো দু'বছর দায়িত্বকালীন সময়ে সার্বক্ষণিক পাশে থেকে, মেধা ও অক্লান্ত শ্রম দিয়ে দাপ্তরিক, সাচিবিক ও আর্থিক ব্যবস্থাপনায় আমাকে ও কার্যনির্বাহী কমিটিকে সহায়তা করেছেন তিনি কার্যনির্বাহী সদস্য এ, এন, এম, ইব্রাহিম খান, তাঁকে বিশেষ ভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। যা কিছু করতে পেরেছি তার কৃতিত্ব আপনাদের আর যা করতে পারিনি তার ব্যর্থতার দায়ভার আমাদের, বিশেষ করে সাধারণ সম্পাদক হিসেবে আমার কাঁধে সকল ব্যর্থতার দায়ভার তুলে নিচ্ছি।

পরিশেষে বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যান সমিতি-ঢাকার উত্তরোত্তর সফলতা কামনা করছি।

শুভেচ্ছাসহ
বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যান সমিতি-ঢাকার কার্যনির্বাহী কমিটির পক্ষে

**রেজাউল করিম**
সাধারণ সম্পাদক
কার্য নির্বাহী পরিষদ-২০২২-২০২৪



# কোষাধ্যক্ষের আর্থিক প্রতিবেদন
# (আয়-ব্যয় হিসাব)

২৪তম দ্বি-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত জীবন সদস্যবৃন্দ,
আস্সালামু আলাইকুম।
কার্যনির্বাহী কমিটির সকল সদস্য এবং আমার সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন।

সর্বপ্রথমে আমি মহান আল্লাহর দরবারে শুকরিয়া জ্ঞাপন করছি, যিনি আমাদেরকে দ্বি-বার্ষিক সাধারণ সভায় মিলিত হওয়ার সুযোগ দিয়েছেন। আজ থেকে দু'বছর আগে আমার উপর আস্থা রেখে আমাকে কোষাধ্যক্ষ পদে নির্বাচিত করে সমিতির কোষাধ্যক্ষের গুরু দায়িত্ব পালনের সুযোগ দেয়ার জন্য আমি আপনাদের প্রতি কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জ্ঞাপন করছি। বিগত দু'বছর আপ্রাণ চেষ্টা করেছি সমিতির দায়িত্ব সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সাধ্যমতে পালন করার জন্য এবং হিসাব-নিকাশ সংরক্ষণে পেশাদারিত্ব আনায়নে সচেষ্ট থেকেছি। আপনাদের সামনে আর্থিক প্রতিবেদন সহ একটি পূর্নাঙ্গ প্রতিবেদন উপস্থাপন করতে পেরে মহান আল্লাহর দরবারে পুনরায় শুকরিয়া জ্ঞাপন করছি।

সম্মানিত জীবন সদস্যবৃন্দ,
বর্তমান কার্যনির্বাহী কমিটি দায়িত্ব নেয়ার সময় সমিতির ব্যাংক হিসাবে যা জমা ছিল বিগত দু'বছরে তা থেকে একটি টাকাও উত্তোলন করা হয়নি বরং আপনাদের সদয় জ্ঞাতার্থে জানাচ্ছি যে বিদায় কালে সমিতির ব্যাংক হিসাবে আরও ৯ (নয়) লক্ষাধিক টাকা জমা দিতে সক্ষম হয়েছি। এর সকল কৃতিত্ব আপনাদের, কারণ আপনারাই বিভিন্ন সময় বিভিন্ন উপলক্ষ্যে সমিতির ফান্ডে সমিতির বিভিন্ন কর্মকান্ড পরিচালনায় আর্থিক সাহায্য করেছেন। আমরা শুধু আমানতদারীর সাথে তা রক্ষনাবেক্ষন করেছি মাত্র।

সম্মানিত জীবন সদস্যবৃন্দ,
একটি বিষয় আনন্দের সাথে আপনাদের সঙ্গে শেয়ার করতে চাই যে, সমিতির কোষাধ্যক্ষ পদে নির্বাচনের আগে আপনাদের কাছে ওয়াদা করেছিলাম সমিতির সদস্যদের আর্থিক জরুরী প্রয়োজন মেঠাতে একটি কর্জে হাসানা ফান্ড গঠনে ভূমিকা পালন করবো। আপনাদের সমর্থনে সে ওয়াদা পূরণ সফল হয়েছে। গঠনতন্ত্র সংশোধনীর মাধ্যমে আপনারা কর্জে হাসানা ফান্ড পরিচালনার বিষয়টি সমিতির গঠনতন্ত্রে সংযোজন করার প্রস্তাব সাদরে সমর্থন করায় সমিতির নামে একটি পৃথক কর্জে হাসানা ফান্ড গঠন করা সম্ভব হয়েছে, যার নামকরণ করা হয়েছে **"বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি- ঢাকা, কর্জে হাসানা ফান্ড"**। সে ফান্ডে আমি ব্যক্তিগত তহবিল থেকে এক লক্ষ পাঁচ হাজার টাকা জমা দানের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখায় একটি পৃথক হিসাব খোলা হয়েছে। আমি আশা করবো সমিতির সকল সম্মানিত জীবন সদস্যবৃন্দ নিজ নিজ সাধ্যমত কর্জে হাসানা ফান্ডে আর্থিক অনুদান প্রদান করে এই ফান্ডকে বৃদ্ধি করবেন যাতে ভবিষ্যতে সমিতির সদস্যদের জরুরী প্রয়োজনে উক্ত ফান্ড সহায়ক হয়।

সম্মানিত সদস্যবৃন্দ,
পরবর্তী পৃষ্টায় আমাদের দায়িত্বকালীন সময়কাল অর্থাৎ ১লা ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ থেকে ৩১ মার্চ ২০২৪ খ্রিঃ পর্যন্ত সময়ের সমিতির আয়-ব্যায় এর একটি বিস্তারিত হিসাব আপনাদের পর্যালোচনার জন্য পেশ করা হয়েছে যার চুম্বকাংশ নিম্নরূপঃ

মোট আদায় = ৪১.৭০ লক্ষ টাকা
মোট ব্যয় = ৩১.৯০ লক্ষ টাকা
মোট উদ্বৃত্ত = ৯.৮০ লক্ষ টাকা

বর্তমান কমিটি দায়িত্ব গ্রহন করার সময় সমিতির স্থায়ী আমানত হিসাবে ছিল ২৩.০০ লক্ষ টাকা (মূল আমানত) যাতে বিগত কমিটির সংযোজন ছিল ৫.০০ লক্ষ টাকা। আমাদের দায়িত্বকালীন সময়ে স্থায়ী আমানত আরও ৮.০০ (আট) লক্ষ টাকা বৃদ্ধি করে ৩১.০০ লক্ষ টাকায় (মূল আমানত) উন্নীত করা হয়, যা মুনাফাসহ বর্তমানে ৪১.৭০ লক্ষ টাকা দাঁড়ায়। স্থায়ী আমানতের একটি চিত্র নিম্নে আপনাদের বুঝার সুবিধার জন্য সংক্ষিপ্ত আকারে পেশ করা হলোঃ

| ব্যাংক | মূল আমানত | বর্তমান অবস্থা (৩১-০৩-২০২৪) |
|---|---|---|
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (হিসাব নং ৪৪৩৫৪০৫০০০৬৫১) | ৭০০,০০০ | ৯৭১,৮৭২ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (হিসাব নং ৪৪৩৫৪০৫০০১০৯৯) (বিগত কমিটি কর্তৃক সংযোজন) | ৫০০,০০০ | ৫৩৮,৯৯৭ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (হিসাব নং ৪৪৩৫৪০৫০০১৮০৬) (বর্তমান কমিটি কর্তৃক সংযোজন) | ৮০০,০০০ | ৮০০,০০০ |
| প্রাইম ব্যাংক লিঃ কাকরাইল শাখা (হিসাব নং ২১৪৮৪১১০০০৮৯২) | ১০০,০০০ | ৩০৯,৬৪১ |
| প্রাইম ব্যাংক লিঃ কাকরাইল শাখা (হিসাব নং ২১৪৮৪১১০০৪২২৫) | ১০০,০০০ | ৩০৯,৬৪১ |
| প্রাইম ব্যাংক লিঃ বনানী শাখা (হিসাব নং ২১৩২৪১৪০০৮৬১৯) | ১০০,০০০ | ২৬৪,৩২১ |
| মার্কেন্টাইল ব্যাংক লিঃ বিজয় নগর শাখা (হিসাব নং ১৮৯৬৯৮) | ৮০০,০০০ | ৯৭৫,২২৯ |
| মোট | ৩১,০০,০০০ | ৪১,৬৯,৭০১ |

এছাড়াও সোনালী ব্যাংকে পৃথক কর্জে হাসানা ফান্ড হিসাবে ১০৫,০০০ টাকা জমা আছে। আশাকরি নতুন কমিটি দায়িত্ব নিয়ে সমিতির কর্জে হাসানা ফান্ডসহ সমিতির তহবিল উত্তরোত্তর বৃদ্ধি করতে সচেষ্ট হবেন।

পরিশেষে সকল সম্মানিত জীবন সদস্যদেরকে সহ বিগত দু'বছর কার্যনির্বাহী কমিটির যাদের সাথে দায়িত্ব পালন করেছি সকলের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। বিশেষ করে আমার সম্মানিত প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্টবৃন্দ এবং সাধারণ সম্পাদক মহোদয়গণ সার্বক্ষনিক আমাকে নির্দেশনা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। এখানে একজনের কথা বিশেষ করে উল্লেখ না করলে আমার কৃতজ্ঞতা প্রকাশ অসম্পূর্ণ থেকে যাবে তিনি হচ্ছেন আমাদের কার্যনির্বাহী সদস্য এ, এন, এম, ইব্রাহিম খান, যিনি আর্থিক হিসাব সংরক্ষণ ও প্রনয়ন থেকে শুরু করে কোষাধ্যক্ষের দায়িত্ব পালনে সকল ক্ষেত্রে ছায়ার মত পাশে থেকে পেশাদারিত্ব ও স্বচ্ছতা আনায়নে সহযোগিতা করেছেন এবং আর্থিক প্রতিবেদন প্রনয়নে বিশেষভাবে সহায়তা করেছেন।

পরিশেষে আপনাদের সুস্বাস্থ্যসহ দীর্ঘায়ু কামনা করছি। মহান আল্লাহ আমাদের সকলের সহায় হউন-আমীন।

**মোহাম্মদ রেজাউল হক**
কোষাধ্যক্ষ
কার্য নির্বাহী পরিষদ-২০২২-২০২৪
বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা

# বৃহত্তর চট্টগ্রাম আইনজীবী কল্যাণ সমিতি-ঢাকা

সুপ্রীম কোর্ট বার ভবন, রমনা, ঢাকা
০১ ফেব্রুয়ারি ২০২২ থেকে ৩১ মার্চ, ২০২৪ সময় কালের

## আয়-ব্যয় হিসাব বিবরণী

| আয় | টাকা |
|---|---|
| **ওপেনিং ব্যালেন্স (প্রারম্ভিক জের)** | |
| **হাতে নগদ** | |
| সাবেক কোষাধ্যক্ষ এর হাতে (জনাব রায়হানুল মোস্তফা) | ১২,৫০০.০০ |
| সাবেক সাধারণ সম্পাদক এর হাতে (জনাব নুরুল হুদা আনসারী) | ৭৪,৪০১.০০ |
| **ব্যাংকে জমা** | ৮৬,৯০১.০০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (সঞ্চয়ী হিসাব নং ৩৪০৫১৮৭২) | ১০০,১৯৪.৯০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (এফডিআর হিসাব নং ৪৪৩৫৪০৫০০০৬৫১) | ৮৯৮,২৯০.০০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (এফডিআর হিসাব নং ৪৪৩৫৪০৫০০১০৯৯) | ৫০০,০০০.০০ |
| প্রাইম ব্যাংক লিঃ কাকরাইল শাখা (এফডিআর হিসাব নং ২১৪৮৪১১০০০৮৯২) | ২৯০,৫১১.২৬ |
| প্রাইম ব্যাংক লিঃ কাকরাইল শাখা (এফডিআর হিসাব নং ২১৪৮৪১১০০৪২২৫) | ২৯০,৫১১.২৬ |
| প্রাইম ব্যাংক লিঃ বনানী শাখা (এফডিআর হিসাব নং ২১৩২৪১৪০০৮৬১৯) | ২৪৯,০৬৩.২৯ |
| মার্কেন্টাইল ব্যাংক লিঃ বিজয়নগর শাখা (এফডিআর হিসাব নং ১৮৯৬৯৮) | ৯৭৫,২২৯.৪৫ |
| | ৩,৩০৩,৮০০.১৬ |
| | ৩,৩৯০,৭০১.১৬ |
| **আলোচ্য সময়ের মধ্যে আদায়** | |
| নতুন সদস্য ফি আদায় | ১৩৯,০০০.০০ |
| সুপ্রীম কোর্ট ফুটবল টুর্নামেন্ট রানার্স আপ পুরস্কার | ৫০,০০০.০০ |
| নির্বাচন ২০২৪ মনোনয়ন ফরম বিক্রি | ১৮৪,০০০.০০ |
| বিশেষ ত্রাণ সংগ্রহ | ৫১৯,৫০০.০০ |
| পিকনিক-২৩ (নৌবিহার) মোট আদায় | ১,৫৬৬,৫৫০.০০ |
| পিকনিক-২৪ মোট আদায় | ১,৩৬৩,৫৫০.০০ |
| কর্জে হাসানা ফান্ডে অনুদান (মোহাম্মদ রেজাউল হক) | ১০৫,০০০.০০ |
| ব্যাংকে জমা | ১৩,০৮১.০০ |
| **ব্যাংক মুনাফা প্রাপ্তিঃ** | |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (সঞ্চয়ী হিসাব নং ৩৪০৫১৮৭২) | ৪,৯৬৯.০০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (এফডিআর হিসাব নং ৪৪৩৫৪০৫০০০৬৫১) | ১০১,৯৭৫.০০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (এফডিআর হিসাব নং ৪৪৩৫৪০৫০০১০৯৯) | ৫৫,৯৩৮.০০ |
| প্রাইম ব্যাংক লিঃ কাকরাইল শাখা (এফডিআর হিসাব নং ২১৪৮৪১১০০০৮৯২) | ২৩,৫৩৩.১৭ |
| প্রাইম ব্যাংক লিঃ কাকরাইল শাখা (এফডিআর হিসাব নং ২১৪৮৪১১০০৪২২৫) | ২৩,৫৩৩.১৭ |
| প্রাইম ব্যাংক লিঃ বনানী শাখা (এফডিআর হিসাব নং ২১৩২৪১৪০০৮৬১৯) | ১৮,৯৬৫.৫৫ |
| | ৪,১৬৯,৫৯৪.৮৯ |
| **মোট** | ৭,৫৬০,২৯৬.০৫ |

**সভাপতি** | **সাধারণ সম্পাদক** | **কোষাধ্যক্ষ**

তারিখঃ ঢাকা, ৩১ মার্চ ২০২৪

| ব্যয় | টাকা |
|---|---|
| ব্যাংক চার্জ | ৪,০৭২.০০ |
| ব্যাংক আয়ের উপর অগ্রিম কর কর্তন | ৫৪,৯৯৮.১৯ |
| ওয়েবসাইট ডিজাইন ও ডোমেইন ক্রয় ও নবায়ন (২০২৫) | ২১,২০০.০০ |
| বিশেষ সাধারণ সভা খরচ | ৫৬,২৩০.০০ |
| পিকনিক-২৩ (নৌবিহার) এর মোট খরচ | ১,২৫৩,৬৫২.০০ |
| পিকনিক-২৪ এর মোট খরচ | ৯১৬,১৫১.০০ |
| সুপ্রীম কোর্ট ফুটবল টুর্নামেন্ট অংশ গ্রহন খরচ | ২৩৫,৪৮০.০০ |
| নির্বাচনী খরচ (নির্বাচন কমিশন কর্তৃক) | ৭০,০০০.০০ |
| সদস্যদের মৃত্যুতে অনুদান প্রদান | ৩০,০০০.০০ |
| যোগাযোগ খরচ (এসএমএস) | ১১,৫০০.০০ |
| মুদ্রণ এবং স্টেশনারি | ৫,০৬৬.০০ |
| বন্যা ত্রান বিতরণ | ৪৩৫,৫০০.০০ |
| গঠনতন্ত্র টাইপিং ও ছাপানো খরচ | ২০,০০০.০০ |
| সাধারণ সভা খরচ | ৮০,০০০.০০ |
| | ৩,১৯৩,৮৪৯.১৯ |
| **সমাপনী জের** | |
| **হাতে নগদ** | |
| সাবেক কোষাধ্যক্ষ এর হাতে (জনাব রায়হানুল মোস্তফা) | ১২,৫০০.০০ |
| সাবেক সাধারণ সম্পাদক এর হাতে (জনাব নুরুল হুদা আনসারী) | ৭৪,৪০১.০০ |
| | ৮৬,৯০১.০০ |
| **ব্যাংকে জমা** | |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (সঞ্চয়ী হিসাব নং ৩৪০৫১৮৭২) | ৪,৮৪১.৯০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (এফডিআর হিসাব নং ৪৪৩৫৪০৫০০০৬৫১) | ৯৭১,৮৭২.০০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (এফডিআর হিসাব নং ৪৪৩৫৪০৫০০১০৯৯) | ৫৩৮,৯৯৭.০০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (এফডিআর হিসাব নং ৪৪৩৫৪০৫০০১০৯৯) | ৮০০,০০০.০০ |
| সোনালী ব্যাংক লিঃ সুপ্রীম কোর্ট শাখা (কর্জে হাসানা ফান্ড সঞ্চয়ী হিসাব নং ৪৪৩৫৪০৩০০০০৪৭) | ১০৫,০০০.০০ |
| প্রাইম ব্যাংক লিঃ কাকরাইল শাখা (এফডিআর হিসাব নং ২১৪৮৪১১০০০৮৯২) | ৩০৯,৬৪১.৭৭ |
| প্রাইম ব্যাংক লিঃ কাকরাইল শাখা (এফডিআর হিসাব নং ২১৪৮৪১১০০৪২২৫) | ৩০৯,৬৪১.৭৭ |
| প্রাইম ব্যাংক লিঃ বনানী শাখা (এফডিআর হিসাব নং ২১৩২৪১৪০০৮৬১৯) | ২৬৪,৩২১.৯৭ |
| মার্কেন্টাইল ব্যাংক লিঃ বিজয়নগর শাখা (এফডিআর হিসাব নং ১৮৯৬৯৮) | ৯৭৫,২২৯.৪৫ |
| | ৪,২৭৯,৫৪৫.৮৬ |
| | ৪,৩৬৬,৪৪৬.৮৬ |
| **মোট** | ৭,৫৬০,২৯৬.০৫ |
| | - |

নোট: বিগত কমিটির সাধারণ সম্পাদক জনাব নুরুল হুদা আনসারী ও কোষাধ্যক্ষ জনাব রায়হানুল মোস্তফা প্রদত্ত ও স্বাক্ষরিত আয়-ব্যয় হিসাব মতে উক্ত টাকা তাদের হাতে ছিল, যা আমাদেরকে বুঝিয়ে দেওয়া হয়নি কিংবা সমিতির ব্যাংকে জমা করা হয়নি এবং এ বিষয়ে কোন ব্যাখ্যা পাওয়া যায়নি।

**সভাপতি** | **সাধারণ সম্পাদক** | **কোষাধ্যক্ষ**

তারিখঃ ঢাকা, ৩১ মার্চ ২০২৪

## নতুন জীবন সদস্যদের তালিকা

| জীবন সদস্য নং | নাম |
|---|---|
| ২৬৫ | মারগুব কবির |
| ২৬৬ | আশরাফুল হাসান সিদ্দিকী |
| ২৬৭ | আরিফ মঈনুদ্দিন চৌধুরী |
| ২৬৮ | আজগর হোসাইন |
| ২৬৯ | বিপাশা চক্রবর্তী |
| ২৭০ | এহতেশাম উদ্দীন আহমেদ |
| ২৭১ | ইমাম হোসাইন |
| ২৭২ | তৌহিদ হোসাইন |
| ২৭৩ | মোঃ রহিম উল্লাহ |
| ২৭৪ | রাহাত ইমরান হাসান |
| ২৭৫ | মোস্তফা শাহরিয়ার তারেক |
| ২৭৬ | মোঃ হানিফ বিন কাশেম |
| ২৭৭ | সালমা সুলতানা |
| ২৭৮ | মোঃ বদরুল আলম চৌধুরী |
| ২৭৯ | মোঃ মিজানুর রহমান চৌধুরী |
| ২৮০ | মোঃ ইকরাম উদ্দীন খান চৌধুরী |
| ২৮১ | শিপন কুমার দে |
| ২৮২ | জান্নাত উল কাউনাইন |
| ২৮৩ | রিয়াজ উদ্দীন আদনান |
| ২৮৪ | তৌহিদুল ইসলাম |
| ২৮৫ | আলী আরমান খান আপন |
| ২৮৬ | জুবায়ের মোঃ আওরঙ্গজেব |
| ২৮৭ | মোঃ আবু হানিফা |
| ২৮৮ | ফোকরা জাহান মেহেদী |
| ২৮৯ | মাসুদুল আলম বাবলু |
| ২৯০ | এস. এম গিয়াস উদ্দীন |
| ২৯১ | তৌহিদ হাসান |
| ২৯২ | সাহিদা বেগম |
| ২৯৩ | শাহরিয়ার মাহমুদ |
| ২৯৪ | মোঃ আবু নাসের তালুকদার |
| ২৯৫ | কাজী আমজাদ হোসেন |
| ২৯৬ | জহরলাল দাশ |
| ২৯৭ | মোঃ রিয়াজ উদ্দিন সিদ্দিকী |
| ২৯৮ | মোহাম্মদ সফিউল আজম |
| ২৯৯ | শারমিন ফাতেমা নাছের |
| ৩০০ | মোঃ জয়নুল আবেদীন (সজীব) |

| জীবন সদস্য নং | নাম |
|---|---|
| ৩০১ | দিলরুবা আফরোজ (সীমা) |
| ৩০২ | মোহাম্মদ শাহজাহান |
| ৩০৩ | মোঃ এনামুল হোসেন |
| ৩০৪ | আব্দুল আজিম |
| ৩০৫ | ভ্যালী চাকমা |
| ৩০৬ | দেবাশীষ দেব |
| ৩০৭ | মোহাম্মদ মিজানুর রহমান চৌধুরী |
| ৩০৮ | এইচ. এম তারিকুল্লাহ |
| ৩০৯ | মোঃ মিজানুর রহমান চৌধুরী (মঞ্জু) |
| ৩১০ | শাহিদা আরবী |
| ৩১১ | মুহাম্মদ শফিকুল ইসলাম |
| ৩১২ | মোঃ সাইফুল আলম চৌধুরী |
| ৩১৩ | মোহাম্মদ রাসেল |
| ৩১৪ | মোঃ মহি উদ্দিন |
| ৩১৫ | হুমায়ুন কবির |
| ৩১৬ | মোঃ আশরাফ হোসেন চৌধুরী |
| ৩১৭ | শাহরিয়াজুল হক |
| ৩১৮ | মোঃ আনিছুর রহমান |
| ৩১৯ | মোহাম্মদ শহিদুল আলম |
| ৩২০ | মোহাম্মদ আনোয়ার |
| ৩২১ | পুস্পল পাল (বাপ্পী) |
| ৩২২ | মোহাম্মদ এমদাদুল হক (সুমন) |
| ৩২৩ | রাগিব কবির |
| ৩২৪ | রফিকুল ইসলাম |
| ৩২৫ | মোহাম্মদ সাইদ হোসাইন চৌধুরী |
| ৩২৬ | মোহাম্মদ জামাল উদ্দিন |
| ৩২৭ | মোহাম্মদ ইব্রাহিম |
| ৩২৮ | মোহাম্মদ মাসুম সিকদার |
| ৩২৯ | মোহাম্মদ মিজানুর রহমান (মহেষখালী) |
| ৩৩০ | মোঃ সাজ্জাদ হোসাইন (মহেষখালী) |
| ৩৩১ | আবদুর রহিম |
| ৩৩২ | এস, এম, ওয়াহিদ উল্লাহ |
| ৩৩৩ | সিদ্দিক আজাদ |
| ৩৩৪ | আইনুন নুর চৌধুরী |
| ৩৩৫ | এম, এম, মহসিন |
| ৩৩৬ | রিয়াজ উদ্দিন আহমদ |
| ৩৩৭ | সোহাইল হোসেন |
| ৩৩৮ | আক্তার কবির চৌধুরী |
| ৩৩৯ | মোঃ ফজলুল কবির (রিমন) |

# ছবিতে কার্যনির্বাহী কমিটির কর্মকান্ড



বার্ষিক সাধারণ সভা - ২০২২ এ দায়িত্ব গ্রহণ



কার্যনির্বাহী কমিটির প্রথম সভা



সুপ্রীম কোর্ট বার ফুটবল টুর্নামেন্টের ট্রফি গ্রহণ



সুপ্রীম কোর্ট বার ফুটবল টুর্নামেন্টের ট্রফি গ্রহণ



ইফতার ও দোয়া মাহ্ফিল- ২০২৩



ইফতার ও দোয়া মাহ্ফিল- ২০২৩



নৌ-বিহার - ২০২৩ আয়োজনে প্রস্তুতি সভা




নৌ-বিহার - ২০২৩



নৌ-বিহার - ২০২৩




পিকনিক - ২০২৪



বন্যার্তদের সাহায্যে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে



বন্যার্তদের সাহায্যে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে



পিকনিক - ২০২৪ প্রস্তুতি সভা



ঢাকাস্থ চট্টগ্রাম সমিতির সাথে পরামর্শ সভা



নতুন সদস্য সংগ্রহ কর্মসূচি



ইফতার ও দোয়া মাহফিল- ২০২৪